

# ইবির অ্যাকাডেমিক ভবনের নাম পরিবর্তন

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



ছবি: কালের কঠ

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) একটি অ্যাকাডেমিক ভবনের নাম

পরিবর্তন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের অনুষদ ভবনের বর্তমান

নাম পরিবর্তন করে প্রতিষ্ঠাকালীন নাম ‘থিওলজি অ্যান্ড ইসলামিক

স্টাডিজ অনুষদ’ নামকরণ করা হয়েছে।

বৃত্তিকার (১৭ সেপ্টেম্বর) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তর সূত্রে এ

তথ্য জানা যায়। গত ২৮ আগস্ট বিশ্ববিদ্যালয়ের ২৭০তম

(সাধারণ) সিডিকেট সভায় এ নামের অনুমোদন দেওয়া হয়।

জানা যায়, এই ভবনটি বিশ্ববিদ্যালয়ের প্রথম একাডেমিক ভবন।

১৯৯২ সালের নভেম্বর মাসে এই ভবন থেকে কুষ্টিয়া ক্যাম্পাসে

যাত্রা শুরু করে ইসলামী বিশ্ববিদ্যালয়। পরে ভবনটিতে অন্য

অনুষদের কার্যক্রম চালু হলে এর নাম পরিবর্তন করে ‘অনুষদ

ভবন’ রাখা হয়। এরপর থেকে থিওলজি অ্যান্ড ইসলামিক স্টাডিজ

অনুষদের শিক্ষক-শিক্ষার্থীরা পূর্বের নামে নামকরণের দাবি

জানান।

ধর্মতত্ত্ব অনুষদের ডিন অধ্যাপক ড. আব ম ছিদ্রিকুর রহমান

আশ্রাফী বলেন, ‘এটি আমার একটি প্রতিশ্রুতি ছিল। আগস্ট মাসে

সিভিকেট সভায় সিদ্ধান্ত হওয়ার পর নাম ফিরে পাওয়াটা

আমাদের জন্য একটি বড় অর্জন। আমরা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের

কাছে কৃতজ্ঞ। প্রথম অনুষদ হয়েও আমরা দীর্ঘদিন স্বীকৃতির

অভাবে ভুগেছি।

এটি আমাদের অধিকার ফিরে পাওয়ার সূচনা মাত্র।’

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ড. মনজুরুল হক বলেন,

‘সিভিকেটের সিদ্ধান্ত অনুযায়ী প্রক্রিয়া শেষ করে অনুষদকে

আনুষ্ঠানিকভাবে চিঠি পাঠানো হয়েছে। এখন থেকে ভবনটি এই

নামেই পরিচিত হবে।’